সিরিজ ৪-০ হওয়ার সুযোগ দেখছেন পন্টিং

অ্যাডিলেডে প্রথম টেস্টে অস্ট্রেলিয়ার পারফরম্যান্সে মুগ্ধ রিকি পন্টিং। তিনি মনে করেন, বিরাট কোহলির অনুপস্থিতি কাজে লাগাতে চাইবে অস্ট্রেলিয়া। এই পরিস্থিতি থেকে সিরিজ জেতার গন্ধ ইতিমধ্যেই পেতে শুরু করেছেন টিম পেন। পন্টিং নিশ্চিত, এবার ভারতকে ৪-০ হারানোর জন্য ঝাঁপাতে চান তার দেশের ক্রিকেটারেরা।

পন্টিংয়ের ধারণা, অ্যাডিলেডে ৩৬ রানে ইনিংস শেষ হয়ে যাওয়ায় গভীর ক্ষত তৈরি হয়েছে ভারতের আত্মবিশ্বাসে। এই পরিস্থিতিতে দলকে টেনে তোলার মতো নেই কোনো ক্রিকেটার। কারণ, বিরাট কোহলি দেশে ফিরছেন সন্তান-সম্ভবা স্ত্রীর পাশে থাকতে।

ক্রিকেট অস্ট্রেলিয়ার ওয়েবসাইটে পন্টিং বলেছেন, ‘প্রথম টেস্টে এভাবে হারের পরে গভীর ক্ষত তৈরি হয়েছে ভারতীয় শিবিরে। সিরিজ ৪-০ হওয়ার সুযোগ অবশ্যই রয়েছে। আশা করি, মেলবোর্ন টেস্টেও মীমাংসা হবে। যদি অস্ট্রেলিয়ার পক্ষে যায়, তাহলে শেষ দুটি টেস্টে ভারত আরও বিপদে পড়তে পারে। সেই জায়গা থেকে ভারত ঘুরে দাঁড়াতে পারবে কিনা জানি না।’

কোহলিকে ছাড়া ভারত কীভাবে এই চাপ সামলায় সেটাও দেখতে চান পন্টিং। তার কথায়, ‘বিরাট ছাড়া ভারতীয় দল কী রকম আচরণ করে সেটাও জানা প্রয়োজন। আমার ধারণা, ভারতের জন্য এই পরীক্ষা সত্যি কঠিন। এই জায়গা থেকে ওদের তুলে ধরার মতো কেউ নেই।’

প্রথম টেস্টে ভারতীয় ব্যাটিংয়ের ভরাডুবির পরে পন্টিং চান, দলে আরও দুটি পরিবর্তন করুন অজিঙ্ক রাহানেরা। পৃথ্বী শয়ের পরিবর্তে পন্টিং চান শুভমন গিলকে। ঋদ্ধিমান সাহার জায়গায় দেখতে চান ঋষভ পন্থকে।

পন্টিংয়ের যুক্তি, ‘কোহলি না থাকায় ভারতীয় ব্যাটিংয়ে গভীরতা প্রয়োজন। মিডল অর্ডারে তাই ঋষভ বড় ভূমিকা পালন করতে পারে। ওপেনিংয়েও শুভমনের মতো ছন্দে থাকা ব্যাটসম্যানকে খেলানো উচিত। রান করার ফলে ওরা এখন আত্মবিশ্বাসী। সেটাই কাজে লাগানো উচিত ভারতের।’

তিনি যোগ করেন, ‘ভারতীয় দলের বোঝা উচিত অস্ট্রেলিয়া আর এক ইঞ্চিও জায়গা ছাড়বে না। তাই দলে এমন ক্রিকেটারদের নেওয়া হোক যাদের মধ্যে আত্মবিশ্বাসের কোনো অভাব নেই।’

অস্ট্রেলিয়ার বিশ্বকাপ জয়ী অধিনায়ক আরও জানিয়েছেন, একবার জয়ের গন্ধ পেয়েছে অস্ট্রেলিয়া। তারা এবার সর্বশক্তি দিয়ে ঝাঁপাবে। তবে ডেভিড ওয়ার্নার ফিরে এলে অস্ট্রেলিয়াও যে দল বাছাই নিয়ে সঙ্কটে পড়বে তা নিয়ে সন্দেহ নেই। কারণ, ওপেনার জো বার্নস ছন্দে ফিরেছেন। ম্যাথু ওয়েড শুরুটা খারাপ করেননি।

পন্টিংয়ের তাই মত, ‘ওয়ার্নার ফিট হলে নিঃসন্দেহে ওকে দলে নেওয়া উচিত। তখন গ্রিন ও ওয়েডের মধ্যে কোনো একজনকে রাখার সিদ্ধান্ত নিতে হবে। পুকভস্কি ফিট হলেও খেলানো হোক বার্নসকে। এত দিন ওর ছন্দে ফেরার অপেক্ষাই করা হচ্ছিল। এই ছোট কয়েকটি সিদ্ধান্ত ঠিকঠাক নিলেই অস্ট্রেলিয়ার কোনো সমস্যা থাকবে না। কিন্তু ভারতের চাপ অনেক বেশি। অনেকগুলো সিদ্ধান্ত নিয়ে ভাবতে হবে ওদের।’

সূত্র : আনন্দবাজার

তরুণদের পারফরম্যান্সে মুগ্ধ বিসিবি সভাপতি

শুক্রবার ফাইনালের মধ্য দিয়ে শেষ হয়েছে বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপ। দেশীয় ক্রিকেটারদের নিয়ে আয়োজিত ফ্রাঞ্চাইজিভিত্তিক এই টুর্নামেন্টে তরুণদের পারফরম্যান্স নজর কেড়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রেসিডেন্ট (বিসিবি) নাজমুল হাসান পাপনের।

শুক্রবার ফাইনাল ম্যাচ উপভোগের ফাঁকে মিরপুরে সাংবাদিকদের একথা জানান বিসিবি সভাপতি। তিনি মনে করেন, তরুণদের এই পারফরম্যান্স দেশের ক্রিকেটের জন্য ইতিবাচক দিক। পাশাপাশি জাতীয় দলের ক্রিকেটারদের পারফরম্যান্সও বিবিসি সভাপতিকে চিন্তামুক্ত করেছে।

পাপন বলেন, ‘আমার তো কয়েকটা ছেলের খেলা খুব ভালো লেগেছে। ভবিষ্যতেরর জন্য আমাদের খুব ভালো প্লেয়ার সংযোজন হয়েছে। আফিফের খেলা ভালো লেগেছে। নতুনদের মধ্যে শরিফুলের বল খুব ভালো লেগেছে। তাসকিন আবার ফেরৎ এসেছে। ওর বল ভালো লেগেছে। ইমন ছেলেটার ব্যাটিং ভালো লেগেছে। ইয়াসির রাব্বির ব্যাটিংও।

আসলে নতুন-পুরাতন মিলিয়ে একটি ভালো কম্বিনেশন আমরা দেখেছি। এখন আমাদের অনেক অপশন আছে। এমনকি যদি মেহেদির কথা বলি ওর খেলাও বেশ ভালো, আগ্রাসী ক্রিকেট খেলে। টি-টোয়েন্টির জন্য মূল্যবান একজন খেলোয়াড়। আমি বলছি বেশ কিছু প্লেয়ার পেয়েছি যারা আমাদের পাইপলাইন শক্তিশালী করেছে।’

ফাইনাল সেরা মাহমুদুল্লাহ, টুর্নামেন্ট মুস্তাফিজ

বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপে ফাইনালে গাজী গ্রুপ চট্টগ্রামকে ৫ রানে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে মাহমুদুল্লাহ রিয়াদের খুলনা। শিরোপা জয়ে ফাইনালে দুর্দান্ত ব্যাটিং করে খুলনা অধিনায়ক মাহমুদুল্লাহ ম্যাচ সেরার পুরস্কার জিতেছেন। এছাড়াও টুর্নামেন্ট সেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন চট্টগ্রামের পেসার মুস্তাফিজুর রহমান।

টুর্নামেন্টে চট্টগ্রামের এই বাঁহাতি পেসার সর্বোচ্চ ২২টি উইকেট নিয়েছেন। দারুণ বোলিংয়ে মাঠ কাপিয়েছেন তিনি। তার বোলিং গড় ১১.৪ এবং ইকোনমি রেট ৬.২৫। ফলে টুর্নামেন্টের সেরা বোলারের পুরস্কারটাও জিতে নিয়েছেন জাতীয় দলের এই বাঁহাতি পেসার।

ফাইনালের ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন খুলনার অধিনায়ক মাহমুদুল্লাহ রিয়াদ। ৪৮ বলে অপরাজিত ৭০ রানের ইনিংস খেলেছেন তিনি। মূলত তার অধিনায়কোচিত ইনিংসে ভর করেই ফাইনালে জয় নিয়ে মাঠ ছাড়ে খুলনা। আর টুর্নামেন্টের সেরা ব্যাটসম্যান নির্বাচিত হয়েছেন চট্টগ্রামের ওপেনার লিটন দাস। ৪৯.১২ গড়ে লিটনের ব্যাট থেকে এসেছে ৩৯৩ রান।

এছাড়া বিশেষ পারফরম্যান্সের জন্য পুরস্কার পেয়েছেন নাজমুল হোসেন শান্ত, পারভেজ হোসেন ইমন, শরিফুল ইসলাম এবং রবিউল ইসলাম রবি।

মেহেরপুরে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টে ৭ নং ওয়ার্ড জয়ী

মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমানের উদ্যোগে মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত মেয়র কাপ টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্টে ৭ নং ওয়ার্ড টাইগার টিম বিজয়ী হয়েছেন।

গতকাল বুধবার অনুষ্ঠিত ফাইনাল খেলায় ৭ নং ওয়ার্ড টাইগার ১৩১ রানের পাহাড় সম ব্যবধানে ৩ নং ওয়ার্ড ষ্পোর্টস রাইডার্স কে পরাজিত করে।

সকালে টসে জিতে ৩ নং ওয়ার্ড ষ্পোর্টস রাইডার্স এর অধিনায়ক ৭ নং ওয়ার্ড টাইগার্স কে ব্যাটিংয়ের আমন্ত্রণ জানান। প্রথমে ব্যাট করতে নেমে ৭ নং ওয়ার্ড টাইগারের পক্ষে জিকোর ব্যক্তিগত ৬০ রানে নির্ধারিত ২০ ওভারে ৭ উইকেট হারিয়ে ১৮৯ রানের পাহাড়সম স্কোর গড়েন।

স্পোর্টস রাইডারের সবুজ দুটি উইকেট লাভ করেন। জয়ের জন্য মাঠে নেমে স্পোর্টস রাইডার্স এর ব্যাটসম্যানরা প্রতিপক্ষ দলের বোলারদের বোলিং তোপের মুখে কোণঠাসা হয়ে পড়ে, শেষ পর্যন্ত ১২ ওভার ৫ বলে মাত্র ৫৮ রান করে সবাই আউট হয়ে যায়। ৭ নং ওয়ার্ড টাইগার্সের মিলন চার ওভার বল করে চারটি উইকেট দখল করে প্রতিপক্ষের ব্যাটিং লাইনআপে ধ্বস নামান। এতে করে খুব সহজেই ৭ নং ওয়ার্ড বিজয়ী লাভ করেন।

খেলা শেষে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন, উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম পুরস্কার বিতরণ করেন।

চ্যাম্পিয়ন দলকে ট্রফি ছাড়াও ৫০ হাজার টাকা এবং রানারআপ দলকে

ট্রফি এবং ৩০ হাজার টাকা প্রাইজমানি পুরস্কার হিসেবে দেওয়া হয়।

অসৌজন্যমূলক আচরণ: ম্যাচ ফি’র ২৫ শতাংশ কার্তন মুশফিকের

বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপের মঞ্চে গতকাল বঙ্গবন্ধু বরিশালের বিপক্ষে ম্যাচে মেজাজ হারান ঢাকা অধিনায়ক মুশফিকুর রহিম। সতীর্থ নাসুম আহমেদের ওপর বল ছুড়ে মারতে গিয়েছিলেন এই টাইগার তারকা। এ নিয়ে মিডিয়া আর সোশ্যাল সাইটে ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়।

এর ধারাবাহিকতায় আজ সকালে মুশফিক সবার কাছে ক্ষমা প্রার্থনা করেন এবং ভবিষ্যতে এমন হবে না বলেও প্রতিজ্ঞা করেন। নাসুমও এক বিবৃতিতে বিষয়টি নিয়ে আলোচনা থামাতে বলেছেন। তবে শাস্তি এড়াতে পারেননি মুশফিক।

বিসিবির কোড অব কনডাক্ট অনুযায়ী, মুশফিককে ম্যাচ ফি’র ২৫ শতাংশ জরিমানা করা হয়েছে। সেইসঙ্গে তার নামের পাশে যোগ হয়েছে একটি ডিমেরেটি পয়েন্ট। বিসিবির কোড অব কনডাক্ট (২.৬) অনুযায়ী এটা একটা লেভেল ১ অপরাধ।

ওয়েস্ট ইন্ডিজ আসছে ১০ জানুয়ারি, খেলবে ২ টেস্ট ও ৩ ওয়ানডে

]প্রাণঘাতী করোনাভাইরাসের কারণে দীর্ঘ বিরতির পর আন্তর্জাতিক ক্রিকেটে ফিরছে বাংলাদেশ। জানুয়ারিতে ওয়েস্ট ইন্ডিজের সফরের মধ্য দিয়ে এই অপেক্ষার অবসান হতে যাচ্ছে।

অবশেষে সফর সংক্ষিপ্ত করে দুই টেস্ট ও তিন ওয়ানডে খেলতে আগামী ১০ জানুয়ারি বাংলাদেশে আসছে ক্যারিবিয়ানরা।

কোয়ারেন্টাইন শেষে ২০ জানুয়ারি ওয়ানডে দিয়ে শুরু হবে দুই দেশের ক্রিকেটীয় লড়াই। শেষ দুটি ওয়ানডে ২২ ও ২৫ জানুয়ারি। প্রথম দুই ম্যাচ মিরপুরে হলেও শেষটি হবে চট্টগ্রামে।

বন্দরনগরীতেই শুরু হবে দুই ম্যাচের টেস্ট সিরিজ। প্রথম টেস্ট ৩ ফেব্রুয়ারি। ১১ ফেব্রুয়ারি শেষ টেস্ট খেলতে ঢাকায় ফিরবে দুই দল।

প্রাথমিক সূচি অনুযায়ী তিনটি করে টেস্ট ও ওয়ানডে এবং দুটি টি-টোয়েন্টি খেলার কথা ছিল। বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের অংশ হলেও দুই বোর্ডের আলোচনার প্রেক্ষিতে একটি ম্যাচ কমানো হয়েছে। সঙ্গে বাতিল করা হয়েছে টি-টোয়েন্টি সিরিজ।

টেস্ট চ্যাম্পিয়নশিপের ম্যাচ নিয়ে বিসিবির প্রধান নির্বাহী নিজামউদ্দিন চৌধুরী বলেন, “টেস্ট ম্যাচ কমলেও পয়েন্টে প্রভাব পড়বে না। টেস্ট চ্যাম্পিয়নশিপ দুই টেস্ট করে হিসাব করা হবে।”

এছাড়া টি-টোয়েন্টি সিরিজ নিয়ে তার ভাষ্য, “বর্তমান পরিস্থিতিতে টি-টোয়েন্টি সিরিজ নিয়ে আমরা আলোচনা করেছি। উভয় বোর্ডই পরে কোনও এক সুবিধাজনক সময়ে টি-টোয়েন্টি সিরিজটি খেলায় সম্মত হয়েছে।”

তামিম ইকবাল অসুস্থ, আজ শারীরিক পরীক্ষা

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের বর্তমান অধিনায়ক ও বাঁহাতি ওপেনার তামিম ইকবাল অসুস্থ অনুভব করছেন। এই জন্য আজ রবিবার তিনি শারীরিক পরীক্ষা করাবেন বলে জানিয়েছেন।

অসুস্থতার কথা সামাজিক যোগাযোগ মাধ্যমে জানিয়েছেন বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপে ফরচুন বরিশালের অধিনায়ক তামিম নিজেই। গতকাল শনিবার (১২ ডিসেম্বর) রাতে তামিম তার অফিসিয়াল ফেসবুক পেজে

লিখেছেন, ‘গতকাল থেকেই আমার শরীর একটু খারাপ ছিল। আজকে ব্যাটিং করে ড্রেসিংরুমে ফেরার পর শরীর আরও বেশি খারাপ করে। প্রচন্ড দুর্বল অনুভব করছিলাম।

বিসিবির মেডিক্যাল টিম পরীক্ষা করে আমাকে দ্রুত হোটেলে ফিরে যাওয়ার পরামর্শ দেয়। আউট হয়ে ফেরার কয়েক ওভার পরই আমি হোটেলে ফিরে আসি। কালকে আমার সব ধরনের পরীক্ষা করা হবে। সবার দোয়া কামনা করছি। সুস্থ থাকলে এলিমিনেটর ম্যাচ খেলব বলে আশা করছি।’

এর আগে শনিবার (১২ ডিসেম্বর) বঙ্গবন্ধু টি-টোয়েন্টি কাপে বেক্সিমকো ঢাকার বিপক্ষে ম্যাচের সময় শারীরিক অবস্থা খারাপ হয় তামিমের। প্রচন্ড দুর্বল অনুভব করেন তিনি। বিসিবির মেডিক্যাল টিম পরীক্ষা করে ফরচুন বরিশাল অধিনায়ককে দ্রুত হোটেলে ফিরে যাওয়ার পরামর্শ দেয়। ঢাকার বিপক্ষে ম্যাচটিতে অবশ্য ২ রানের জয় পেয়েছে বরিশাল। অসুস্থতা নিয়ে ওপেনিংয়ে নেমে ১৭ বলে ২ চারে ১৯ রানে সাজঘরে ফেরেন তামিম।

দাম্পত্য জীবনের আট বছরে সাকিব-শিশির

দাম্পত্য জীবনের আট বছরে বাংলাদেশের ক্রিকেট সুপারস্টার সাকিব আল হাসান ও উম্মে আহমেদ শিশির। ২০১২ সালের ১২ ডিসেম্বর তাদের বিয়ে হয়। এই জুটির অষ্টম বিবাহবার্ষিকী আজ শনিবার।

১২-১২-১২। সংখ্যার বিচারে অনেকের কাছেই দিনটি ছিল বিশেষ দিন। এ রকম একটি দিনকে তাই অনেকেই অনেকভাবে স্মরণীয় করে রেখেছেন। ঠিক যেমন বাংলাদেশের ক্রিকেট অন্তঃপ্রাণ সাকিব আল হাসান এই দিনটি বিয়ের পিঁড়িতে বসে স্মরণীয় করে রেখেছেন। ওই দিনে, ৮ বছর আগে বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব জীবনসঙ্গী হিসেবে বেছে নিয়েছিলেন উম্মে আহমেদ শিশিরকে।

সাকিবপত্নী শিশিরের বাড়ি নারায়ণগঞ্জে। তিনি পরিবারের সঙ্গে যুক্তরাষ্ট্রে থাকতেন। সেখানে সফটওয়্যার ইঞ্জিনিয়ারিংয়ে পড়াশোনা

করেছেন। ইংল্যান্ডে কাউন্টি ক্রিকেট খেলতে গিয়ে দুজনের পরিচয়। এরপর প্রণয়। শেষ পর্যন্ত প্রণয় পরিণত হয় পরিণয়ে।

শিশিরের কোলজুড়ে ২০১৫ সালের নভেম্বরে আসে নতুন অতিথি আলাইনা হাসান আব্রি। কন্যা-অন্তঃপ্রাণ সাকিব বেশিদিন এই অদ্ভূত মিষ্টি মেয়েকে ছাড়া থাকতে পারেন না।

এবার তার ঘরে এসেছে আরেক অতিথি। এ নিয়ে গত ১১ মে এক স্ট্যাটাসে সাকিব লেখেন,‘আমাদের ছোট্ট পরী, পরিবারের নতুন সদস্য ইররাম হাসানের আগমনে আমরা অত্যন্ত আনন্দিত। তার সুস্থ ও সুন্দর ভবিষ্যতের জন্য সবার কাছে আশীর্বাদ ও দোয়া কামনা করছি।’

ভারতের বিরুদ্ধে প্রথম টেস্টে নেই ওয়ার্নার

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতের সীমিত ওভারের ক্রিকেট শেষ। আগামী ১৭ ডিসেম্বর থেকে শুরু হবে চার টেস্টের সিরিজ। তবে সিরিজ শুরুর আগেই কোহলিদের জন্য কিছুটা হলেও ভালো খবর। চোটের জন্য প্রথম টেস্টে খেলতে পারবেন না ডেভিড ওয়ার্নার।

ভারত-অস্ট্রেলিয়া সিরিজের প্রথম টেস্ট ম্যাচটি হবে গোলাপি বলে দিবারাত্রে। বিদেশে এটাই কোহলিদের প্রথম ডেনাইট টেস্ট। ১৭ ডিসেম্বর থেকে অ্যাডিলেড ওভালে শুরু হবে বর্ডার-গাভাস্কর ট্রফির প্রথম টেস্ট। কিন্তু বুধবার (৯ ডিসেম্বর) ক্রিকেট অস্ট্রেলিয়ার তরফে জানিয়ে দেওয়া হয় প্রথম টেস্টে খেলতে পারবে না ডেভিড ওয়ার্নার।

ভারতের বিরুদ্ধে দ্বিতীয় ওয়ানডে ম্যাচে ফিল্ডিং করার সময় কুঁচকিতে চোট পেয়েছিলেন ওয়ার্নার। ফলে সিরিজের শেষ ওয়ানডে তো বটেই, সদ্য সমাপ্ত তিন ম্যাচের টি-২০ সিরিজে খেলতে পারেননি বাঁহাতি এই অজি ওপেনার। এখনও সিডনিতে রিহ্যাবে রয়েছেন তিনি। আগের থেকে সুস্থ হলেও এখনও ১০০ শতাংশ ফিট নন ওয়ার্নার। এবার টেস্টের সিরিজের প্রথম ম্যাচ থেকেও ছিটকে গেলেন তিনি।

তবে মেলর্বোনে বক্সিং ডে টেস্টের আগে সুস্থ হয়ে ওঠার ব্যাপারে আশাবাদী অজি ওপেনার ওয়ার্নার। তিনি বলেন, অল্প সময়ের মধ্যেই আমি সুস্থ হয়ে উঠছি। আপাতত সিডনিতে থাকাই আমার পক্ষে ভালো। চোট অনেকটা সেরে গেছে। তবে এখনও ১০০ শতাংশ ফিট নই। উইকেটের মাঝে দৌড়াতে সমস্যা হচ্ছে। আশা করি, আরও ১০ দিন সময় পেলে পুরোপুরি ফিট হয়ে যাব।

অস্ট্রেলিয়ার কোচ জাস্টিন ল্যাঙ্গারও মনে করেন, বক্সিং ডে (২৬ ডিসেম্বর থেকে) টেস্টে পাওয়া যাবে দলের সেরা ওপেনারকে। তবে পিঙ্ক বল টেস্টে অস্ট্রেলিয়ার চিন্তা ওপেনিং নিয়ে। প্র্যাকটিস ম্যাচে মাথায় বল লাগায় মাঠ ছাড়েন উইল পুকভস্কি। ফর্মে নেই জো বার্নসও। এমন অবস্থায় ল্যাঙ্গার দলে পেতে চাইবেন উসমান খোয়াজাকে।

শুক্রবার ভারতীয়দের বিরুদ্ধে ওয়ার্ম আপ ম্যাচ খেলতে নামবে অস্ট্রেলিয়া ‘এ’। অস্ট্রেলিয়ার জাতীয় দলের নির্বাচক ট্রেভর হন্স বলেন, জো বার্নস, ক্যামেরন গ্রিন, শন অ্যাবট এবং মিচেল সোয়েপসন পিঙ্ক বলে অনুশীলন করার সুযোগ পাবে। সিডনিতে ভারতীয়দের বিরুদ্ধে প্র্যাকটিস ম্যাচ খেলে ওরা দলের সঙ্গে যোগ দেবে অ্যাডিলেডে।

বর ফুটবলার কনে ক্রিকেটার

দুজনের পরিচয়ের সূত্রপাত বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)। সেখানে পড়ার সময়েই পরিচয়, যা এক সময় গড়ায় প্রেমে। পরিবারের সম্মিতে যা পেল কাঙ্খিত পরিণয়ও।

সোমবার (৭ ডিসেম্বর) সন্ধ্যায় বিয়ে সম্পন্ন হলো জাতীয় নারী দলের ক্রিকেটার জিনাত আসিয়া অর্থি ও জাতীয় ফুটবল দলের স্ট্রাইকার মাহবুবর রহমান সুফিলের। বগুড়ার ম্যক্স মোটেলে ঘরোয়া পরিবেশে হয় তাদের বিয়ের অনুষ্ঠান। দুই পরিবারের সদস্য ছাড়াও উপস্থিত ছিলেন বগুড়ার বেশ কয়েকজন নারী ক্রিকেটার।

মাত্রই বিশ্বকাপ ফুটবলের বাছাইপর্ব খেলে কাতার থেকে ফিরেন সুফিল। তার আগে ঘরের মাটিতে নেপালের বিপক্ষে প্রীতি ম্যাচে দৃষ্টিনন্দন গোল করে আলোচনায় এসেছিলেন।

বিয়ে নিয়ে সুফিল গণমাধ্যমকে বলেন, ‘অবশেষে বিয়েটা করেই ফেললাম। আড়াই বছর ধরে অর্থির সঙ্গে পরিচয় এক বন্ধুর মাধ্যমে। এখন সুযোগ মিলতেই অর্থিকে জীবনসঙ্গী করে নিলাম। সবাই আমাদের জন্য দোয়া করবেন।’

অর্থী বলেছেন, ‘আমাদের প্রথম পরিচয় হয় বিকেএসপির বন্ধুদের মাধ্যমে প্রায় তিন বছর আগে। এর পরে ধীরে ধীরে আমাদের সম্পর্ক আরও গভীরতা লাভ করে। অনেক আগে থেকেই বিয়ের কথা চলছিল কিন্তু সুফিলের ব্যস্ততার কারণে বিয়ে করা সম্ভব হয়নি। সম্প্রতি আমার বাবা অসুস্থ হওয়ায় বিয়ে করতে হলো করোনার মধ্যে।’

সোমবার বিয়ের অনুষ্ঠানের আগে বগুড়ায় শহীদ চান্দু স্টেডিয়ামে যান বর-কনে। সেখানে নানান আয়োজনে নারী ক্রিকেটাররা তাদের সংবর্ধনা দেন।

সিলেটের সুনামগঞ্জের ছেলে সুফিল বাংলাদেশ জাতীয় দলের সেরা তারকাদের একজন। কদিন আগেই নেপালের বিপক্ষে জয়সূচক দারুণ এক গোল করে আলোচনায় এসেছিলেন তিনি। বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচেও প্রথম একাদশে একমাত্র স্ট্রাইকার হিসেবে খেলেন সুফিল। ওই ম্যাচ খেলেই কাতার থেকে ফিরে বিয়ের আনুষ্ঠানিকতা সারেলেন তিনি।

বগুড়ার মেয়ে অর্থী ক্রিকেট খেলেন রাজশাহী বিভাগের হয়ে। প্রিমিয়ার লিগে ঢাকা মোহামেডানের হয়ে খেলতে দেখা গেছে তাকে। জাতীয় ইমার্জিং দলের ক্যাম্পেও ডাক পেয়েছিলেন অর্থী।